

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৯৭

المناسك على المناسك الكاب المناسك الكاب المناسك الكاب المناسك الكاب ال

পরিচ্ছেদঃ ১৯/৬. কিসে হজ্জ ফর্য হয়

بَابِ مَا يُوجِبُ الْحَجَّ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا هِشَامُ بْنُ سُلَيْمَانَ الْقُرَشِيُّ، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ وَأَخْبَرَنِيهِ أَيْضًا، عَنِ ابْنِ عَطَاءٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " الزَّادُ وَالرَّاحِلَةُ " . يَعْنِي قَوْلَهُ (مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلاً) .

বাংলা

২/২৮৯৭। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ পাথেয় ও বাহন অর্থাৎ আল্লাহ তা'আলার বাণীঃ ''যার সেখানে যাওয়ার সামর্থ্য আছে'' (সূরা আল ইমরানঃ ৯৭) (এর তাৎপর্য এটাই)।

English

It was narrated from Ibn 'Abbas that the Messenger of Allah (ﷺ) said: "Provision and a mount," meaning, about Allah's saying: "Whoever can bear the way." [3:97]

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ৯৮৮।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী ১. হিশাম বিন সুলায়মান আল-কুরাশী সম্পর্কে বলেন, তিনি ইবনু জুরায়জ ছাড়া অন্যদের হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। ইমাম যাহাবী বলেন, তিনি সত্যবাদী। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৭৯, ৩০/২১১ নং পৃষ্ঠা) ২. ইবনু আতা সম্পর্কে আবু যুরআহ আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস



বর্ণনায় কখনো কখনো ভুল করেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৭৪৭, ৩৪/৪৬২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন